

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
ভূমি আপীল বোর্ড
শাখা নং-১ (প্রশাসন)
ভূমি ভবন
৯৮, শহীদ তাজউদ্দীন আহমদ সরণি
তেজগাঁও, ঢাকা-১২০৮।

স্মারক নং: ৩১.৮২.০০০০.০০১.১১.০০১.২৫.৩৯৫

তারিখ: ১৭ কার্তিক ১৪৩২
০২ নভেম্বর ২০২৫

বিজ্ঞপ্তি

বিষয়: ভূমি আপীল বোর্ডের ১৪-২০ গ্রেডের জনবল নিয়োগের লক্ষ্যে লিখিত পরীক্ষার কেন্দ্র, সময়সূচি, আসন বিন্যাস ও নির্দেশাবলি।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ভূমি আপীল বোর্ডের ১৪-২০ গ্রেডভূক্ত (সাঁট-মুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, সহকারী লাইব্রেরিয়ান, ক্যাশিয়ার, ড্রাইভার, ডেসপাচ রাইডার, অফিস সহায়ক) পদে অনলাইনে আবেদনকৃত প্রার্থীদের লিখিত পরীক্ষা নিম্নোক্ত কেন্দ্রসমূহে বর্ণিত তারিখ, সময় ও আসন বিন্যাস অনুযায়ী অনুষ্ঠিত হবে।

পদের নাম, বিজ্ঞপ্তির তারিখ	পরীক্ষার তারিখ ও সময়	পরীক্ষার কেন্দ্র	রেজিস্ট্রেশন নম্বরের রেঞ্জ	প্রার্থীর সংখ্যা
সাঁট-মুদ্রাক্ষরিক- কাম-কম্পিউটার অপারেটর (গ্রেড-১৪)	১৪/১১/২০২৫ (শুক্রবার) সকাল ১০.০০ থেকে ১১.৩০ টা পর্যন্ত	তেজগাঁও সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা।	১১০০০০১-১১০২১৮৭	২১৮৭
সহকারী লাইব্রেরিয়ান (গ্রেড-১৬)	১৪/১১/২০২৫ (শুক্রবার) সকাল ১০.০০ থেকে ১১.৩০ টা পর্যন্ত	গবর্ণমেন্ট সাইন্স হাইস্কুল, তেজগাঁও, ঢাকা।	১২০০০০১-১২০০১৬৮	১৬৮
ক্যাশিয়ার (গ্রেড-১৬)	১৪/১১/২০২৫ (শুক্রবার) সকাল ১০.০০ থেকে ১১.৩০ টা পর্যন্ত	গবর্ণমেন্ট সাইন্স হাইস্কুল, তেজগাঁও, ঢাকা।	১৩০০০০১-১৩০০৫৪২	৫৪২
ড্রাইভার (গাড়ীচালক) (গ্রেড-১৬)	১৪/১১/২০২৫ (শুক্রবার) সকাল ১০.০০ থেকে ১১.০০ টা পর্যন্ত	গবর্ণমেন্ট সাইন্স হাইস্কুল, তেজগাঁও, ঢাকা।	১৪০০০০১-১৪০০৮২০	৮২০
ডেসপাচ রাইডার (গ্রেড-১৮)	১৪/১১/২০২৫ (শুক্রবার) সকাল ১০.০০ থেকে ১১.০০ টা পর্যন্ত	তেজগাঁও, সরকারী উচ্চ বিদ্যালয়, ঢাকা।	১৫০০০০১-১৫০০৩২২	৩২২
অফিস সহায়ক (গ্রেড-২০)	১৪/১১/২০২৫ (শুক্রবার) সকাল ১০.০০ থেকে ১১.০০ টা পর্যন্ত	১. গবর্ণমেন্ট সাইন্স হাইস্কুল, তেজগাঁও, ঢাকা।	১৬০০০০১-১৬০১০৪৮	১০৪৮
		২. সরকারি বিজ্ঞান কলেজ, তেজগাঁও, ঢাকা।	১৬০১০৪৯-১৬০২৬০০	২৬০০
			মোট=	৭৬৮৭

ক্রমশ/-

৩. পরীক্ষার্থীদের প্রতি বিশেষ নির্দেশনা:

১. পরীক্ষার্থীগণ ২ নভেম্বর ২০২৫ তারিখ হতে ভূমি আপীল বোর্ডের ওয়েবসাইট (www.lab.gov.bd) এবং টেলিটক বাংলাদেশ লি: এর ওয়েবসাইট (<http://lab.teletalk.com.bd>) ভিজিট করে প্রবেশপত্র ডাউনলোড করতে পারবেন।
২. প্রবেশপত্র এবং নির্ধারিত হল/কক্ষ ব্যতীত কোন পরীক্ষার্থী পরীক্ষায় অংশগ্রহণ করতে পারবেন না;
৩. প্রবেশপত্রে বর্ণিত নির্দেশাবলি পরীক্ষার্থী মনোযোগের সাথে পড়বেন এবং অনুসরণ করবেন;
৪. পরীক্ষার দিন সকাল ০৯:০০-৯:৩০ মিনিটের মধ্যে প্রবেশপত্র ও কালো কালির বলপেন নিয়ে অবশ্যই নির্ধারিত হলের পরীক্ষা কক্ষে উপস্থিত হতে হবে। ১০.০০ মিনিটে পরীক্ষা হলের মূল ফটক বন্ধ করে দেয়া হবে। ফলে উক্ত সময়ের পর কোন পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না;
৫. পরীক্ষা কেন্দ্রে বই-পুস্তক, কোন প্রকার ঘড়ি, মোবাইল ফোন, ক্যালকুলেটর, কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইস, ব্যাংক কার্ড/ক্রেডিট কার্ড সদৃশ কোন ডিভাইস, ওয়ালেট, গহনা, ব্যাগ ও কোন প্রকার যোগাযোগ যন্ত্র নিয়ে কোন পরীক্ষার্থী পরীক্ষা হলে প্রবেশ করতে পারবেন না;
৬. পরীক্ষার সময় পরীক্ষার্থী কানের ওপর কোন আবরণ রাখবেন না, কান খোলা রাখবেন। কানে কোন ধরনের হিয়ারিং এইড ব্যবহারের প্রয়োজন হলে বিশেষজ্ঞ ডাক্তারের পরামর্শপত্রসহ সংশ্লিষ্ট কেন্দ্র প্রধানকে অবহিত করতে হবে;
৭. পরীক্ষা হলের গেটে এক্সিকিউটিভ ম্যাজিস্ট্রেট, পুলিশের উপস্থিতিতে প্রবেশপত্র এবং মেটাল ডিটেক্টরের সাহায্যে মোবাইল ফোন, ঘড়ি, ইলেকট্রনিক ডিভাইসসহ সকল নিষিদ্ধ সামগ্রী তল্লাশির মধ্যে দিয়ে পরীক্ষার্থীদের পরীক্ষা হলে প্রবেশ করতে হবে।
৮. পরীক্ষার্থীর কেন্দ্র পরিবর্তনের কোন আবেদন বিবেচনা করা হবে না;
৯. কোন পরীক্ষার্থী পরীক্ষায় নকল করলে বা মোবাইল ফোন বা কোন ধরনের ইলেকট্রনিক ডিভাইসসহ প্রবেশ করলে এবং উক্ত প্রযুক্তির মাধ্যমে কোন অসদুপায় অবলম্বন করলে বা কোন অসদাচরণের জন্য দোষী সাব্যস্ত হলে তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে;
১০. উত্তরপত্রে রেজিস্ট্রেশন নম্বর সঠিকভাবে না লিখলে এবং সঠিকভাবে বৃত্ত পূরণ না করলে, কোনরূপ কাটাকাটি করলে, উত্তরপত্রে ফ্লুইড লাগালে, কোনরূপ সাংকেতিক চিহ্ন প্রদান করলে প্রার্থিতা বাতিল হবে;
১১. প্রশ্নপত্র বিতরণের পর পরীক্ষা শেষ (সকাল ১১.৩০ মিনিট) না হওয়া পর্যন্ত কোন পরীক্ষার্থী পরীক্ষা কক্ষ ত্যাগ করতে পারবেন না;
১২. প্রতিবন্ধী পরীক্ষার্থীদের ক্ষেত্রে ১০ মিনিট অতিরিক্ত সময় দেয়া হবে;
১৩. নিয়োগ বিজ্ঞপ্তির শর্তানুযায়ী কোন পরীক্ষার্থীর আবেদনপত্রে গুরুতর (substantive) ত্রুটি ধরা পড়লে পরীক্ষার আগে বা পরে যে কোন পর্যায়ে উক্ত পরীক্ষার্থীর প্রার্থিতা বাতিল হবে।


(আসমাউল হসনা লিজা)
সচিব
ভূমি আপীল বোর্ড
ও
সদস্য সচিব
বিভাগীয় নির্বাচন কমিটি